# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# তথ্য অধিদফতর
# বাংলাদেশ সচিবালয়
# ঢাকা

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ২১৬/২০১৭-১৮**

**ঢাকা, সোমবার, ৭ মে ২০১৮, ২৪ বৈশাখ ১৪২৫**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। আজ টুঙ্গিপাড়া যাচ্ছেন রাষ্ট্রপতি

২। সোনার বাংলা গড়তে আরও সোনার ছেলে চাই : প্রধানমন্ত্রী
পাহাড়ে শান্তি ও সৌহার্দ্যপূর্ণ পরিবেশ বজায় রাখার আহ্বান প্রধানমন্ত্রীর

৩। পরিবারে খাদ্যের আপৎকালীন মজুত গড়ুন :
পারিবারিক সাইলো বিতরণ কর্মসূচির উদ্বোধনকালে প্রধানমন্ত্রী

৪। বাংলাদেশের ধর্মীয় সম্প্রীতি থেকে মিয়ানমারকে শিক্ষা নেওয়ার পরামর্শ প্রধানমন্ত্রীর

৫। রোহিঙ্গা ইস্যুতে একসঙ্গে কাজ করবে ওআইসি
৩৯ দফা ঢাকা ঘোষণা'র মধ্য দিয়ে শেষ হলো ৪৫তম সিএফএম

৬। এসএসসি ও সমমানের পরীক্ষায় পাসের হার ৭৭ দশমিক ৭৭ শতাংশ

৭। বাংলাদেশ-কানাডা বাণিজ্য ৩ বিলিয়ন ডলার ছাড়াবে : বাণিজ্যমন্ত্রী

৮। পদ্মা সেতুতে একই দিনে চলবে রেল ও যানবাহন : রেলমন্ত্রী

৯। মহেশখালীতে বিদ্যুৎকেন্দ্র নির্মাণে চীনা কোম্পানির সঙ্গে জেভিএ'র চুক্তি স্বাক্ষর

১০। ওমানের সঙ্গে এলএনজি আমদানির চুক্তি স্বাক্ষর

১১। গাজীপুর সিটি করপোরেশন নির্বাচন তিন মাস স্থগিত করল হাইকোর্ট

চলমান পাতা-২

**১। আজ টুঙ্গিপাড়া যাচ্ছেন রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ দ্বিতীয় মেয়াদে দায়িত্ব গ্রহণের পর আজ ৭ মে বৃহস্পতিবার গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় যাবেন। আজ দুপুরে তিনি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধি সৌধে পুষ্পস্তবক অর্পণ করবেন। এরপর তিন বাহিনীর একটি চৌকস দল গার্ড অভ্ অনার প্রদান করবে। পরে রাষ্ট্রপতি পবিত্র ফাতেহা পাঠ ও বঙ্গবন্ধুর রুহের মাগফিরাত কামনায় দোয়া মোনাজাতে অংশ নেবেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.২,ক.৫), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৬), **ডেইলি সান** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

**২ । সোনার বাংলা গড়তে আরও সোনার ছেলে চাই : প্রধানমন্ত্রী**
**পাহাড়ে শান্তি ও সৌহার্দ্যপূর্ণ পরিবেশ বজায় রাখার আহ্বান প্রধানমন্ত্রীর**

দারিদ্র্য ও ক্ষুধামুক্ত বাংলাদেশ গড়ার জন্য শিক্ষার হার শতভাগে উন্নীত হওয়া জরুরি উল্লেখ করে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, আগামীতে বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গড়তে বাংলাদেশের আরও অনেক সোনার ছেলের প্রয়োজন রয়েছে। দেশের শিক্ষাখাতের উন্নয়নে তার সরকারের সহযোগিতার কথা উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, সরকার প্রাথমিক থেকে উচ্চশিক্ষা পর্যন্ত বৃত্তি-উপবৃত্তি প্রদান করছে। এ বছর এসএসসি ও সমমানের পরীক্ষার ফলাফলের অনুলিপি গ্রহণকালে প্রধানমন্ত্রী উত্তীর্ণ শিক্ষার্থীদের অভিনন্দন জানান। গতকাল (৬ মে রোববার) গণভবনে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এ বছরের এসএসসি ও সমমানের পরীক্ষার ফলাফলের সারসংক্ষেপ প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাতে তুলে দেন। ঐ অনুষ্ঠানে ভিডিও কনফারেন্সের মাধ্যমে বরিশাল ও বান্দরবান-এ কথা বলেন প্রধানমন্ত্রী। এ সময় প্রধানমন্ত্রী উন্নয়নের ধারা অব্যাহত রাখার স্বার্থে পার্বত্য জেলাগুলোর পাশাপাশি সারাদেশে শান্তি ও সৌহার্দ্যপূর্ণ পরিবেশ বজায় রাখার আহ্বান জানান। প্রধানমন্ত্রী পাহাড়ি-বাঙালিদের মধ্যে সৌহার্দ্য বজায় রাখার ওপর গুরুত্বারোপ করেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.১)। **বাংলাদেশ টুডে** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৩। পরিবারে খাদ্যের আপৎকালীন মজুত গড়ুন :**
**পারিবারিক সাইলো বিতরণ কর্মসূচির উদ্বোধনকালে প্রধানমন্ত্রী**

প্রাকৃতিক দুর্যোগে সম্ভাব্য খাদ্য সংকট মোকাবিলায় ঘরে ঘরে খাদ্যের আপৎকালীন মজুত গড়তে দেশবাসীর প্রতি আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেন, 'আমাদের লক্ষ্যটা যেন থাকে, যে কোনো প্রাকৃতিক দুর্যোগে খাদ্য মজুত যেন নিশ্চিত থাকে, যাতে কোনোমতেই আমরা খাদ্য ঘাটতিতে না পড়ি। প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল (৬ মে রোববার) তাঁর সরকারি বাসভবন গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে দেশের ১৯টি জেলার ৬৩টি উপজেলায় পাঁচ লাখ পরিবারের মাঝে পাঁচ লাখ পারিবারিক সাইলো বিতরণ কর্মসূচির উদ্বোধন অনুষ্ঠানে এ আহ্বান জানান। প্রধানমন্ত্রী খাদ্য মন্ত্রণালয়ের আধুনিক খাদ্য সংরক্ষণ প্রকল্পের আওতায় দুর্যোগপ্রবণ এলাকায় খাদ্য সংরক্ষণের জন্য ঝালকাঠি জেলার সঙ্গে ভিডিও কনফারেন্সে যুক্ত হয়ে এ প্রকল্পের উদ্বোধন করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৪), **সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

**৪। বাংলাদেশের ধর্মীয় সম্প্রীতি থেকে মিয়ানমারকে শিক্ষা নেওয়ার পরামর্শ প্রধানমন্ত্রীর**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশে বিদ্যমান ধর্মীয় সম্প্রীতি থেকে শিক্ষা গ্রহণের জন্য মিয়ানমারের প্রতি পরামর্শ দিয়েছেন। তিনি বলেন, আমি মনে করি ধর্মীয় সম্প্রীতির ঐতিহ্য বজায় রেখে দেশ কীভাবে এগিয়ে যায় বাংলাদেশ থেকে মিয়ানমার সেই শিক্ষা নেবে। গতকাল (৬ মে রোববার) গণভবনে বুদ্ধপূর্ণিমা উপলক্ষে বৌদ্ধ ধর্মীয় নেতৃবৃন্দ এবং বিশিষ্ট ব্যক্তিদের সঙ্গে মতবিনিময়কালে প্রধানমন্ত্রী এ কথা বলেন। ধর্মবিষয়ক মন্ত্রণালয়ের অধীন বৌদ্ধধর্মী কল্যাণ ট্রাস্ট এ অনুষ্ঠানের আয়োজন করে। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৪), **সংবাদ** (শেষ পৃ.,ক.৩), **নিউ এজ** (পৃ.১,ক.৪), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৪)।

**৫। রোহিঙ্গা ইস্যুতে একসঙ্গে কাজ করবে ওআইসি :**
**৩৯ দফা ঢাকা ঘোষণা'র মধ্য দিয়ে শেষ হলো ৪৫তম সিএফএম**

ইসলামি সহযোগিতা সংস্থার (ওআইসি) পররাষ্ট্রমন্ত্রীদের দু'দিনব্যাপী সম্মেলন গতকাল (৬ মে রোববার) ৩৯ দফা ঢাকা ঘোষণার মধ্য দিয়ে শেষ হয়েছে। ঘোষণায় বলা হয়, রোহিঙ্গাদের মিয়ানমারে ফেরত পাঠাতে সদস্য রাষ্ট্র এবং আন্তর্জাতিক মানবাধিকার সংস্থাগুলোকে সঙ্গে নিয়ে একসঙ্গে কাজ করবে ওআইসি। এছাড়া এতে মধ্যপ্রাচ্য ও আফ্রিকার মুসলিম দেশগুলোতে চলমান রাজনৈতিক সংঘাত নিরসনে যথাযথ ব্যবস্থা নেয়ার কথাও বলা হয়। ঢাকার

বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে ওআইসির পররাষ্ট্রমন্ত্রীদের ৪৫তম সম্মেলন (সিএফএম) শেষে এক যৌথ সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়। এতে বক্তব্য রাখেন ওআইসির সিএফএম চেয়ার ও পররাষ্ট্রমন্ত্রী এ এইচ মাহমুদ আলী এবং ওআইসি মহাসচিব ইউসুফ এ আল ওথাইমিন। যৌথ সংবাদ সম্মেলনে পররাষ্ট্রমন্ত্রী মাহমুদ আলী জানান, রোহিঙ্গাদের ওপর নির্যাতনের ঘটনায় মিয়ানমারের জবাবদিহিতার জন্য মন্ত্রী পর্যায়ের কমিটি গঠনের সিদ্ধান্ত নিয়েছে ওআইসি। এ কমিটি জাতিসংঘসহ আন্তর্জাতিক বিভিন্ন সংস্থার সঙ্গে একযোগে কাজ করবে। সূত্র : **যুগান্তর** (শেষ পৃ.,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **নিউ এজ, ডেইলি সান, নিউজ টুডে**সহ এবিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৬। এসএসসি ও সমমানের পরীক্ষায় পাসের হার ৭৭ দশমিক ৭৭ শতাংশ**

এসএসসি ও সমমানের পরীক্ষায় এ বছর পাস করেছে গড়ে ৭৭ দশমিক ৭৭ শতাংশ পরীক্ষার্থী। গতবারের চেয়ে এ পাসের হার ২ দশমিক ৫৮ শতাংশ কম। এবার পাসের হার কমলেও বেড়েছে জিপিএ ৫ প্রাপ্ত শিক্ষার্থীর সংখ্যা। এ বছর জিপিএ ৫ পেয়েছে মোট ১ লাখ ১০ হাজার ৬২৯ শিক্ষার্থী। গতবার এ সংখ্যা ছিল ১ লাখ ৪ হাজার ৭৬১। সার্বিক ফলাফলের বিষয়ে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ গতকাল (৬ মে রোববার) সচিবালয়ে বলেন, এখন আগের চেয়ে উন্নতমানের মূল্যায়ন হয়। পুনর্মূল্যায়নেও নানা পদ্ধতি রাখা হয়েছে। এর আগে সকালে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের নেতৃত্বে বিভিন্ন শিক্ষাবোর্ডের চেয়ারম্যানরা গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাতে ফলাফলের অনুলিপি তুলে দেন। সূত্র-**বণিক বার্তা** (শেষ পৃ.,ক.১), **ইত্তেফাক** (পৃ.১,ক.১),), **ইত্তেফাক, সংবাদ, সমকাল, ডেইলি স্টার, এশিয়ান এজ, ডেইলি সান**সহ অধিকাংশ পত্রিকা এবিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৭। বাংলাদেশ-কানাডা বাণিজ্য ৩ বিলিয়ন ডলার ছাড়াবে : বাণিজ্যমন্ত্রী**

কানাডার সঙ্গে বাংলাদেশের বাণিজ্য ২০২১ সালে ৩ বিলিয়ন মার্কিন ডলার ছাড়িয়ে যাবে বলে জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। বাংলাদেশ গত বছর কানাডায় ১.১ বিলিয়ন মার্কিন ডলার মূল্যের পণ্য রপ্তানি করেছে, একই সময়ে আমদানি করেছে প্রায় ৬০০ মিলিয়ন মার্কিন ডলার মূল্যের পণ্য। কানাডা বাংলাদেশের তৈরিপোশাকের বড় বাজার। ২০০৩ সাল থেকে কানাডা বাংলাদেশকে শুল্কমুক্ত বাণিজ্য সুবিধা দিচ্ছে। ইন্টারন্যাশনাল কনভেনশন সিটি বসুন্ধরায় কানাডা-বাংলাদেশ চেম্বার কমার্স এন্ড ইন্ডাস্ট্রি এবং ঢাকার কানাডা হাইকমিশন আয়োজিত ২ দিনব্যাপী শোকেস কানাডা-২০০৮ নামে ট্রেড এন্ড এডুকেশন ফেয়ারের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় এসব কথা বলেন বাণিজ্যমন্ত্রী। সূত্র : **ভোরের কাগজ** (পৃ.৪,ক.২), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.২), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.১), **অবজাজার** বিজসেন পাতা (পৃ.১,ক.১)।

**৮। পদ্মা সেতুতে একই দিনে চলবে রেল ও যানবাহন : রেলমন্ত্রী**

রেলমন্ত্রী মুজিবুল হক জানিয়েছেন, বহু প্রতীক্ষিত পদ্মা সেতুতে একই দিনে চলবে রেল এবং যানবাহন। এ লক্ষ্যে এ মাসেই রেল সংযোগ প্রকল্পের মূল কাজ শুরু হবে। গতকাল (৬ মে রোববার) রেল ভবনে আয়োজিত এক সংবাদ সম্মেলনে তিনি এ তথ্য জানান। রেলমন্ত্রী বলেন, গত ২৭ এপ্রিল চীনা এক্সিম ব্যাংকের সঙ্গে পদ্মা সেতুর রেল সংযোগ প্রকল্পের মূল কাজের অর্থায়নের জন্য চুক্তি স্বাক্ষর হয়। এখন মূল কাজ দ্রুত শুরু হবে। তিনি বলেন, প্রথমে ঢাকা থেকে ফরিদপুরের ভাঙ্গা পর্যন্ত রেল চলবে। ইতোমধ্যে ৮০ ভাগ ভূমি উন্নয়ন হয়েছে। এছাড়া ঢাকা-চট্টগ্রাম রুটে বুলেট ট্রেন চালুর বিষয়েও সিদ্ধান্ত হয়েছে বলে জানান তিনি। সূত্র : **ভোরের কাগজ** (পৃ.৩,ক.২), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.৩), **ডেইলি সান** (পৃ.১৪,ক.৭)।

**৯। মহেশখালীতে বিদ্যুৎকেন্দ্র নির্মাণে চীনা কোম্পানির সঙ্গে জেভিএ চুক্তি স্বাক্ষর**

মহেশখালীতে এক হাজার ৩২০ মেগাওয়াট কয়লা চালিত বিদ্যুৎকেন্দ্র নির্মাণে যৌথ মূলধনী কোম্পানি (জেভিএ) চুক্তি স্বাক্ষর হয়েছে। গতকাল (৬ মে রোববার) রাজধানীতে চীনা হুদিয়ান হংকং কোম্পানি এবং বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের মধ্যে চুক্তিটি স্বাক্ষর হয়। প্রায় দুই বিলিয়ন ডলার বা ১৬ হাজার কোটি টাকা ব্যয়ে মহেশখালী বিদ্যুৎ হাবে কেন্দ্রটি নির্মাণ করা হবে। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় বিদ্যুৎ, জালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ বাংলাদেশে বিনিয়োগের সুযোগকে কাজে লাগাতে চীনের কোম্পানিগুলোর প্রতি আহ্বান জানান। সূত্র : **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৬), **সংবাদ** (শেষ পৃ.,ক.২), **ডেইলি সান** বিজসেন পাতা (পৃ.১,ক.৬), **ডেইলি স্টার** বিজনেস পাতা (পৃ.১,ক.৩)।

**১০। ওমানের সঙ্গে এলএনজি আমদানির চুক্তি স্বাক্ষর**

কাতারের পর এবার ওমানের সঙ্গে এলএনজি আমদানির চুক্তি করলো বাংলাদেশ। গতকাল (৬ মে রোববার) বার্ষিক এক মিলিয়ন টন তরলীকৃত প্রাকৃতিক গ্যাস (এলএনজি) আমদানির জন্য ওমান ট্রেডিং ইন্টারন্যাশনালের সঙ্গে

চুক্তি করেছে পেট্রোবাংলা। আমদানি করা এক মিলিয়ন টন এলএনজির অর্ধেক মার্কিন কোম্পানি এক্সিলারেট এনার্জির ভাসমান টার্মিনালের মাধ্যমে রিগ্যাসিফিকেশন করা হবে। বাকি অর্ধেক সামিট গ্রুপের এলএনজি টার্মিনালের মাধ্যমে রিগ্যাসিফিকেশন করে জাতীয় গ্রিডে সরবরাহ করা হবে। চুক্তিতে বাংলাদেশের পক্ষে পেট্রোবাংলার সচিব সৈয়দ আশফাকুজ্জামান এবং ওটিআইয়ের পক্ষে মাহির আর জাদজালি স্বাক্ষর করেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **ডেইলি স্টার** বিজনেস পাতা (পৃ.১,ক.৬)।

**১১। গাজীপুর সিটি নির্বাচন তিন মাস স্থগিত করল হাইকোর্ট**

গাজীপুর সিটি কর্পোরেশনের নির্বাচন সীমানা জটিলতার কারণে তিন মাসের জন্য স্থগিত করে আদেশ দিয়েছে হাইকোর্ট। বিচারপতি নাইমা হায়দার ও বিচারপতি জাফর আহমেদ এর সমন্বয়ে গঠিত হাইকোর্টের দ্বৈত বেঞ্চ গতকাল (৬ মে রোববার) এ আদেশ দেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **ডেইলি স্টার** (পৃ.১,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৮)

**সম্পাদকীয়**

ক. **ভোরের কাগজ, ডেইলি স্টার, নিউজ টুডে, নিউ নেশন :** রোহিঙ্গা সংকট সমাধানের বিষয়ে ওআইসি দেশগুলোর প্রতি প্রধানমন্ত্রীর আহ্বানের পরিপ্রেক্ষিতে ওআইসির দেওয়া সহযোগিতার প্রতিশ্রুতি তুলে ধরে এ ব্যাপারে ওআইসিকে কার্যকর ভূমিকা পালনের আহ্বান।

খ. **সমকাল, যুগান্তর, যায়যায়দিন :** মাধ্যমিক ও সমমানের পরীক্ষায় উত্তীর্ণদের অভিনন্দন জানিয়ে পাসের হার ও জিপিএ-৫ বৃদ্ধির চেয়েও জরুরি শিক্ষার মান বৃদ্ধি বলে অভিমত।

গ. **ইত্তেফাক :** বায়ু দূষণে ঢাকা নগরীর বাতাস বিশ্বের তৃতীয় স্থানে থাকার খবরে উদ্বেগ প্রকাশ করে নগরবাসীর সুরক্ষা ও টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জন করতে হলে বায়ুদূষণ রোধে কার্যকর ব্যবস্থা নেওয়া জরুরি বলে অভিমত।

ঘ. **সংবাদ :** শিশু হত্যা ও নিপীড়ন বন্ধে কেন্দ্রীয় খেলাঘর আসরের বিশেষ আদালত গঠনের দাবি তুলে ধরে শিশুদের প্রতি নির্যাতন-নিপীড়ন বন্ধে রাষ্ট্রকে আরও তৎপর হওয়ার সুপারিশ।

ঙ. **প্রথম আলো :** বরগুনার সংরক্ষিত ফাতরার বন বা টেংরাগিরি বন ঘেষে কয়লাভিত্তিক বিদ্যুৎকেন্দ্র নির্মাণের অনুমতি দেওয়ার বিষয়টি পুনর্বিবেচনার প্রত্যাশা।

চ. **যুগান্তর :** খুলনা সিটি করপোরেশনের বেশিরভাগ কেন্দ্রই ঝুঁকিপূর্ণ হওয়ায় কর্তৃপক্ষকে অবাধ ভোটের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

ছ. **ইন্ডিপেনডেন্ট :** প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের যথাযথ প্রশিক্ষণের দ্বারা তাদের দক্ষতা ও মান উন্নয়নের দ্বারা প্রাথমিক শিক্ষাকে আরও কার্যকর করার আহ্বান।

জ. **ডেইলি সান :** চলতি বছরের এপ্রিলে দেশে রেমিট্যান্স প্রবৃদ্ধির হার ২১.৪৬ শতাংশ বেড়ে যাওয়ায় মানবসম্পদ রফতানিতে আরও কার্যকর পদক্ষেপ নেওয়াসহ রেমিট্যান্স পাঠানোর অবৈধ চ্যানেলগুলো কঠোরভাবে দমনের সুপারিশ।

ঝ. **অবজারভার, নিউ এজ :** পার্বত্য চট্টগ্রামে সহিংস ঘটনা বন্ধের দ্বারা পার্বত্য অঞ্চলে শান্তি স্থাপনের ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ।

**উপসম্পাদকীয়**

**ইনকিলাব** পত্রিকায় প্রকাশিত কলামে ভাগ্যহত রোহিঙ্গাদের সম্মানজনক ও নিরাপদ প্রত্যাবাসনের দ্বারা রোহিঙ্গা সংকট সমাধানে ওআইসি ও মুসলিম বিশ্বকে আরো কার্যকর ভূমিকা গ্রহণের প্রত্যাশার বিষয় উল্লেখ করা হয়েছে।

**নিবন্ধ ও ফিচার**

**ভোরের কাগজ** পত্রিকায় প্রকাশিত **'বজ্রপাতের ব্যাপকতা এবং আমাদের উদ্বেগ'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, দেশের কৃষক ও জেলে শ্রেণির জনগোষ্ঠীকে বজ্রপাতের সময় বিশেষকরে 'মে' মাসে যথোপযুক্ত সাবধানতা অবলম্বনের বিষয়ে পর্যাপ্ত নির্দেশনা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হলে বজ্রপাতে অনেক প্রাণহানি রোধ করা যাবে।

#

খাদীজা/শুকলা/মরজিনা/রশীদ/তানিয়া/২০১৮/৯.০০ঘন্টা